

শিক্ষক পেটানো আ.লীগ নেতাকে অব্যাহতি

রৌমারী (কুড়িগ্রাম) প্রতিনিধি

২৩ জানুয়ারি ২০২৩ ১২:০০ এএম | আপডেট: ২৩ জানুয়ারি ২০২৩

১২:৪৪ এএম

সর্বোচ্চ কানুনী ক্ষমতা
আমাদের মন্ত্র

advertisement

কুড়িগ্রামের রৌমারীতে নুরুন্নবী নামে এক প্রধান শিক্ষককে তুলে নিয়ে পেটানোর ঘটনায় উপজেলা আওয়ামী লীগ নেতা রোকনুজ্জামান রোকনকে দলের সব পদ-পদবি থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। শনিবার রাত ৯টায় রৌমারী প্রেসক্লাবে এক জরুরি সংবাদ সম্মেলন করে ওই নেতাকে অব্যাহতি দেয় উপজেলা আওয়ামী লীগ।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য তুলে ধরেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবু হোরায়রা। তিনি বলেন, গত বৃহস্পতিবার ফুলকারচর নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নুরুন্নবীকে মারধর করেন উপজেলা আওয়ামী লীগের ত্রাণ ও সমাজকল্যাণ সম্পাদক রোকনুজ্জামান রোকন। ঘটনাটি গণমাধ্যমে

advertisement

প্রচার হয়। এতে দলের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়। ফলে দলীয় শৃঙ্খলা ভঙ্গ ও সংগঠন বিরোধী কর্মকাণ্ডের অভিযোগে জেলা আওয়ামী লীগের নির্দেশে রোকনুজ্জামান রোকনকে উপজেলা আওয়ামী লীগের সব পদ-পদবি থেকে অব্যাহতি দেওয়া হয়।

advertisement 4

সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন রৌমারী উপজেলা আওয়ামী লীগের আইনবিষয়ক সম্পাদক অ্যাডভোকেট ফেরদৌস আল মাহমুদ পলাশ, সহ-দপ্তর সম্পাদক সুমন মিয়া, সাবেক দপ্তর সম্পাদক রমেশ চন্দ্র সাহা চন্দন, সাবেক সহ-দপ্তর সম্পাদক মশিউর রহমান, উপজেলা যুবলীগ সভাপতি হারুনর রশিদ, যুবলীগের সাবেক সহ-সভাপতি ফজলুল করিম, দাঁতভাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম।